Q.B. Sl. No. : 1005631

# ECONOMICS

| QUESTION BOOKLET SERIES |
|---|
| **A** |

## SEMESTER-III

## 2027

| SUBJECT CODE NO. | |
|---|---|
| 2 | 2 |

**ECON.22.A-4003**

Total Time : 1 Hour 30 Minutes ] [ Total Marks : 40

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি / Multiple Choice Questions / बहुविकल्पीय प्रश्न**

**পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি / INSTRUCTIONS TO CANDIDATES / परीक्षार्थियों के लिये निर्देश :**

1. OMR উত্তরপত্র পূরণ করার পূর্বে 2 নং পৃষ্ঠায় প্রদত্ত সকল নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়বে এবং ঐ অনুযায়ী কাজ করবে।

   Before filling the OMR Answer Sheet, read the instructions provided on Page 2 carefully and act accordingly.

   OMR उत्तर पत्रक को भरने के पहले इसके पृष्ठ 2 पर प्रदत्त सभी निर्देशों को ध्यानपूर्वक पढ़ें तथा उसके अनुसार कार्य करें।

2. উত্তর দেওয়ার পূর্বে OMR উত্তরপত্রে 1 নং পৃষ্ঠায় প্রদত্ত ক্রমিক সংখ্যা 1 থেকে 6 সতর্কভাবে পূরণ করবে (**1.** রেজিস্ট্রেশন নং, **2.** রোল নং, **3.** বিষয় কোড নং, **4.** প্রশ্ন পুস্তিকা সিরিজ, **5.** বিষয় এবং **6.** পরীক্ষার্থীর পূর্ণ স্বাক্ষর) এবং OMR উত্তরপত্রের শীর্ষে প্রদত্ত স্থানে প্রশ্ন-পুস্তিকা ক্রমসংখ্যা অবশ্যই পূরণ করবে। অন্যথায় OMR উত্তরপত্রের মূল্যায়ন হবে না এবং এর জন্য পরীক্ষার্থী সম্পূর্ণরূপে দায়ী থাকবে। ক্রমিক সংখ্যা 7 এবং 8 কেবলমাত্র ইনভিজিলেটর পূরণ করবে।

   Before answering fill in the Sl. Nos. from 1 to 6 given on Page 1 of the OMR Answer Sheet very carefully (**1.** Registration No., **2.** Roll No., **3.** Subject Code No., **4.** Question Booklet Series, **5.** Subject and **6.** Full Signature of the candidate), including the Question Booklet Serial No. ( Q. B. Sl. No. ) at the designated space at the top of the OMR Answer Sheet failing which, the OMR Answer Sheet will not be evaluated and the sole responsibility will go to the candidate **Sl. Nos. 7 and 8 will be filled by the Invigilator only.**

   उत्तर देने से पहले OMR उत्तर पत्रक के पृष्ठ 1 पर प्रदत्त क्रम संख्या 1 से 6 तक सभी प्रविष्टियाँ (**1.** रजिस्ट्रेशन नं०, **2.** रोल नं०, **3.** विषय कोड नं०, **4.** प्रश्न पुस्तिका सिरीज, **5.** विषय तथा **6.** परीक्षार्थी का पूर्ण हस्ताक्षर) ध्यानपूर्वक पूर्ण करें तथा OMR उत्तर पत्रक के ऊपर में दिये स्थान पर प्रश्न पुस्तिका क्रम संख्या अवश्य भरें। ऐसा नहीं करने पर OMR उत्तर पत्रक का मूल्यांकन नहीं होगा तथा इसका उत्तरदायित्व पूर्ण रूप से परीक्षार्थी का होगा। **क्रम संख्या 7 तथा 8 की पूर्ति केवल वीक्षक ही करेंगे।**

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
|---|---|---|
| বাংলা/Bengali/बांग्ला | 3 | 13 |
| ইংরাজী/English/अंग्रेजी | 14 | 24 |
| হিন্দী/Hindi /हिन्दी | 25 | 34 |

**এই প্রশ্নপুস্তিকার পৃষ্ঠা সংখ্যা 2 এবং 36-এ মুদ্রিত অবশিষ্ট নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ো।**
**Read the rest of the instructions carefully printed on Page Nos. 2 and 36 of this Question Booklet.**
**इस प्रश्न पुस्तिका की पृष्ठ संख्या 2 एवं 36 पर मुद्रित शेष निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।**

**ECON.22.A-4003**

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে OMR উত্তরপত্রে উত্তর দাও।

1. জাতীয় আয় পরিমাপের জন্য জাতীয় আয়ের সংজ্ঞা হলো

(A) বাজার মূল্যে GDP ( $GDP_{MP}$ )

(B) উপাদান ব্যয়ে GNP ( $GNP_{FC}$ )

(C) বাজার মূল্যে NNP ( $NNP_{MP}$ )

(D) উপাদান ব্যয়ে NNP ( $NNP_{FC}$ )

2. যদি আমরা জাতীয় আয়কে দেশের মোট জনসংখ্যা দিয়ে ভাগ করি, তাহলে আমরা পেয়ে থাকি

(A) মাথাপিছু আয় (B) NNP

(C) প্রকৃত আয় (D) আর্থিক আয়

3. শেষ উৎপন্ন দ্রব্য এবং অন্তর্বর্তী দ্রব্যের মধ্যে শ্রেণিবিভাগ হয়

(A) গুণমান অনুযায়ী (B) সময় অনুযায়ী

(C) ব্যবহার অনুযায়ী (D) দাম অনুযায়ী

4. সঠিক উত্তরটি নিয়ে শূন্যস্থান পূরণ করো :

জাতীয় আয় পরিমাপে মূল্য সংযোজন পদ্ধতিটি .................. পদ্ধতির অন্তর্ভুক্ত ।

(A) ব্যয় শুমারি (B) উৎপাদন শুমারি

(C) আয় শুমারি (D) ভারসাম্য আয়

5. অবন্টিত মুনাফা

(A) জাতীয় আয়ে আংশিক অন্তর্ভুক্ত

(B) জাতীয় আয়ে অন্তর্ভুক্ত নয়

(C) জাতীয় আয়ে অন্তর্ভুক্ত

(D) জাতীয় আয় থেকে বিয়োগ করা হয়ে থাকে

6. নিম্নলিখিত বিবৃতিগুলির থেকে সঠিক বিবৃতিটি বেছে নাও :

(A) আয় একটি মজুত চলের ধারণা ও সম্পদ একটি প্রবাহ চলের ধারণা

(B) আয় একটি প্রবাহ চলের ধারণা ও সম্পদ একটি মজুত চলের ধারণা

(C) ব্যয় একটি মজুত চলের ধারণা ও সম্পদ একটি প্রবাহ চলের ধারণা

(D) আয় একটি মজুত চলের ধারণা ও ব্যয় একটি প্রবাহ চলের ধারণা

7. উপাদান ব্যয়ে জাতীয় উৎপাদন ($GNP_{FC}$) 2,400 কোটি টাকা, পরোক্ষ কর 300 কোটি টাকা এবং ভরতুকি 150 কোটি টাকা হলে বাজার দামে জাতীয় উৎপাদন ($GNP_{MP}$) হবে

(A) 2,850 কোটি টাকা (B) 2,550 কোটি টাকা

(C) 2,350 কোটি টাকা (D) 2,250 কোটি টাকা

HAZARNOTES.COM
1005631 R

8. A স্তম্ভের বিবৃতির সঙ্গে B স্তম্ভের বিবৃতির সঠিক জোড়া চিহ্নিত করো এবং সঠিক বিকল্পটি নির্বাচন করো :

| A স্তম্ভ | | B স্তম্ভ | |
|---|---|---|---|
| i) | হস্তান্তর আয় | a) | অর্থনৈতিক সহায়তা |
| ii) | পরোক্ষ কর | b) | উৎপাদনে ব্যবহৃত হয় |
| iii) | মূলধনী দ্রব্য | c) | শিক্ষকের পেনশন |
| iv) | ভরতুকি | d) | দ্রব্য ও সেবা কর (GST) |

বিকল্পসমূহ :

(A) (i) — (c), (ii) — (d), (iii) — (b), (iv) — (a)

(B) (i) — (b), (ii) — (d), (iii) — (c), (iv) — (a)

(C) (i) — (c), (ii) — (a), (iii) — (d), (iv) — (b)

(D) (i) — (a), (ii) — (b), (iii) — (c), (iv) — (d)

9. গড় ভোগ প্রবণতা ( APC ) ও গড় সঞ্চয় প্রবণতা (APS) এদের মধ্যে সম্পর্ক হলো

(A) APC – APS = 0 (B) APC – APS = 1

(C) APC + APS = 1 (D) APC + APS = 0

10. সঠিক উত্তরটি দিয়ে শূন্যস্থান পূরণ করো :

কেইন্‌সের মতে পূর্ণনিয়োগ স্তরে অতিরিক্ত চাহিদা হলে .................. দেখা দেয়।

(A) মন্দা (B) মন্দাস্ফীতি

(C) বাণিজ্য চক্র (D) মুদ্রাস্ফীতি

11. ধরা যাক $C = a + b.Y$ হলো কেইন্‌সীয় ভোগ অপেক্ষক যেখানে $C$ = ভোগ ব্যয়, $Y$ = আয়, $a$ = স্বয়ম্ভূত ভোগ ব্যয় > 0 এবং $0 < b$ = প্রান্তিক ভোগ প্রবণতা ( MPC ) < 1.

এখন A স্তম্ভের বিবৃতির সঙ্গে B স্তম্ভের বিবৃতির সঠিক জোড়া চিহ্নিত করো এবং সঠিক বিকল্পটি নির্বাচন করো :

| A–স্তম্ভ | B–স্তম্ভ |
|---|---|
| i) বিনিয়োগ গুণক | a) $b + \frac{a}{Y}$ |
| ii) গড় ভোগ প্রবণতা | b) $\frac{1}{(1-b)}$ |
| iii) কর গুণক | c) $\frac{-b}{(1-b)}$ |

বিকল্পসমূহ :

(A) (i) — (a), (ii) — (c), (iii) — (b)

(B) (i) — (b), (ii) — (a), (iii) — (c)

(C) (i) — (b), (ii) — (c), (iii) — (a)

(D) (i) — (c), (ii) — (b), (iii) — (a)

12. যদি পরিকল্পিত সঞ্চয়, $S = -40 + 0{\cdot}2\ Y$ এবং পরিকল্পিত বিনিয়োগ, $I = 60$ হয়, তবে ভারসাম্য আয় হবে

(A) 500 একক (B) 100 একক

(C) 600 একক (D) 200 একক

13. প্রদত্ত বিবৃতি (A) ও কারণ (R) থেকে সঠিক উত্তরটি বেছে নাও ঃ

*বিবৃতি (A) :* ভোগরেখাটি মূল বিন্দু থেকে শুরু হয় ।

*কারণ (R) :* আয় শূন্য হলেও একটি ন্যূনতম স্বয়ম্ভূত ভোগব্যয় থাকে ।

বিকল্পসমূহ ঃ

(A) (A) এবং (R) উভয়ই সঠিক এবং (R) হলো (A)-এর সঠিক ব্যাখ্যা

(B) (A) এবং (R) উভয়ই সঠিক, কিন্তু (R), (A)-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) (A) সঠিক, কিন্তু (R) ভুল

(D) (A) ভুল, কিন্তু (R) সঠিক

14. কেইন্‌সীয় ভোগতত্ত্বে ভোগব্যয় নির্ধারণের প্রধান বিষয় হলো

(A) সম্পদ (B) সুদের হার

(C) আয় (D) জনসংখ্যা বৃদ্ধি

15. কেইন্‌সের ভোগ অপেক্ষক অনুযায়ী ভোগব্যয় রেখার ঢাল হলো

(A) APC (B) MPC

(C) APS (D) MPS

16. মনে করো, উদ্ধৃত প্রতীকগুলি অর্থনীতির প্রচলিত অর্থে ব্যবহার করা হয়েছে । একটি বদ্ধ অর্থব্যবস্থায় সরকারের উপস্থিতি থাকলে মোট ব্যয়ের পরিমাণ হবে

(A) $C + I$ (B) $C + I + G + X$

(C) $C + I + G + M$ (D) $C + I + G$

17. প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত দেশে ত্রাণ পাঠালে সেটি কোন্ খাতে অন্তর্ভুক্ত হবে ?

(A) একতরফা হস্তান্তর দেনা

(B) একতরফা হস্তান্তর পাওনা

(C) অদৃশ্য রপ্তানি

(D) মূলধনী খাত

18. কোন দেশের লেনদেন ব্যালান্সে ভারসাম্য বজায় আছে বলতে বোঝায় যখন

(A) চলতি খাতে ভারসাম্য থাকে

(B) মূলধনী খাতে ভারসাম্য থাকে

(C) স্বয়ম্ভূত মূলধনী খাতের ব্যালান্স এবং চলতি খাতের ব্যালান্সের যোগফল শূন্য

(D) বাণিজ্য ব্যালান্সে উদ্বৃত্ত থাকে

19. দুটি মুদ্রার বিনিময় হার কী ?

(A) সংশ্লিষ্ট দুটি দেশের মধ্যে বাণিজ্যের ব্যালান্স

(B) এক দেশের মুদ্রার সঙ্গে অন্য দেশটির মুদ্রার বিনিময়ের হার

(C) মুদ্রাস্ফীতির হার

(D) আমদানি ও রপ্তানির অনুপাত

20. নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টি অদৃশ্য রপ্তানি নয় ?

(A) পরিবহন সেবা (B) পর্যটন সেবা

(C) পাটজাত দ্রব্য (D) ব্যাঙ্কিং সেবা

21. ব্রিটিশদের পণ্যের বাজার বৃহৎ করতে ব্রিটিশ শাসকরা নীচের কোন্ ক্ষেত্রটি সম্প্রসারিত করেছিল ?

(A) সড়কপথ (B) রেলপথ

(C) আকাশপথ (D) (A) এবং (C) উভয়ই

22. ঔপনিবেশিক ভারতে কয়লা উত্তোলন প্রথম কোথায় শুরু হয় ?

(A) ঝরিয়া (B) রানিগঞ্জ

(C) ধানবাদ (D) বিলাসপুর

23. সঠিক উত্তরটি নিয়ে শূন্যস্থান পূরণ করো :

ব্রিটিশ শাসনকালে ভারতের 'অর্থনৈতিক নিঃসরণ' (Economic Drain) সম্পর্কে প্রথম বিশ্বাসযোগ্য আলোচনা করেন .................... ।

(A) রমেশ চন্দ্র দত্ত (B) উইলিয়াম ডিগবি

(C) দাদাভাই নৌরজী (D) উইলিয়াম কেরি

24. ভারতের স্বাধীনতার প্রাক্কালে দেশটির GDP-তে প্রধান অবদানকারী ক্ষেত্র ছিল কোন্‌টি ?

(A) কৃষি (B) শিল্প

(C) সেবাক্ষেত্র (D) নির্মাণ শিল্প

25. উদারীকরণের পরবর্তীকালে ভারতের পেশাগত কাঠামোতে কোন্ ক্ষেত্রের প্রাধান্য সর্বাধিক ?

(A) কৃষি–সংশ্লিষ্ট প্রাথমিক ক্ষেত্র

(B) শিল্প ও নির্মাণ–সংশ্লিষ্ট মাধ্যমিক ক্ষেত্র

(C) পরিসেবা ক্ষেত্র

(D) (A) ও (B) উভয়ই

26. ভারত ও চীনের আয়বৈষম্যের মধ্যে পার্থক্য কীরূপ ?

(A) ভারতের তুলনায় চীনের আয়বৈষম্য বেশি

(B) চীনের তুলনায় ভারতের আয়বৈষম্য বেশি

(C) চীন ও ভারতে আয়বৈষম্যে কোন পার্থক্য নেই

(D) আয়বৈষম্যের তুলনা করা যায় না কারণ দুটি দেশের মুদ্রা ভিন্ন ভিন্ন

27. 'নিয়োগহীন প্রবৃদ্ধি'র (Jobless Growth ) কারণ হলো

(A) শ্রমনিবিড় প্রযুক্তির ব্যবহার

(B) বেকারত্ব দূরীকরণ

(C) শ্রম–সঞ্চয়কারী প্রযুক্তির ব্যবহার

(D) আয়ের সুষম বন্টন

28. যখন কোন ব্যক্তি এক চাকরি থেকে অন্য চাকরিতে নিজেকে স্থানান্তরিত করে, তখন তার প্রধান কারণ

(A) সংঘর্ষজনিত বেকারত্ব (B) মরশুমী বেকারত্ব

(C) ছদ্ম বেকারত্ব (D) ইচ্ছাকৃত বেকারত্ব

29. নীচের কোন্ দেশটি 'এক সন্তান নীতি' চালু করেছিল ?

(A) ভারত (B) পাকিস্তান

(C) বাংলাদেশ (D) চীন

30. নীচের সূচকগুলির মধ্যে কোন্‌টি মানব উন্নয়ন সূচক (HDI) গঠনের ক্ষেত্রে ব্যবহৃত হয় না ?

(A) স্বাস্থ্য সূচক (B) মূল্য সূচক

(C) শিক্ষা সূচক (D) আয় সূচক

31. প্রদত্ত বিবৃতি (A) ও কারণ (R) থেকে সঠিক উত্তর চয়ন করো :

*বিবৃতি (A) :* স্বাধীনতার পর ভারত আর্থিক উন্নয়নের পথ হিসাবে 'মিশ্র অর্থনীতি' গ্রহণ করে ।

*কারণ (R) :* দেশটির সিদ্ধান্তগ্রহণকারী মননশীল ব্যক্তিরা সমাজতন্ত্র ও ধনতন্ত্রের সুবিধার সমন্বয় ঘটাতে চেয়েছিলেন ।

**বিকল্পসমূহ :**

(A) (A) এবং (R) উভয়ই সঠিক এবং (R) হলো (A)-এর সঠিক ব্যাখ্যা

(B) (A) এবং (R) উভয়ই সঠিক, কিন্তু (R), (A)-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) (A) সঠিক, কিন্তু (R) ভুল

(D) (A) ভুল, কিন্তু (R) সঠিক

32. নীচের কোন্‌টি কর্মনিয়োগ সৃষ্টির কর্মসূচী নয় ?

(A) গ্রামীণ কর্মনিয়োগ সৃষ্টি কর্মসূচী ( REGP )

(B) প্রধানমন্ত্রী রোজগার যোজনা (PMRY)

(C) জাতীয় ক্ষেত্রে খাদ্যের জন্য কাজের কর্মসূচী (NFWP)

(D) বাল্মীকি আম্বেদকার আবাস যোজনা (VAMBAY)

33. জমির স্থায়ী উন্নয়নের স্বার্থে 5 বছরের বেশি সময়ের জন্য যে ঋণ গ্রহণ করা হয় তাকে বলে

(A) দীর্ঘমেয়াদী ঋণ
(B) মধ্যমেয়াদী ঋণ
(C) স্বল্পমেয়াদী ঋণ
(D) অনুৎপাদনশীল ঋণ

34. ভারতে 'জাতীয় খাদ্য নিরাপত্তা আইন' (NFSA) কত সালে গৃহীত হয়েছিল ?

(A) 2013
(B) 2014
(C) 2015
(D) 2016

35. কোন্ বিশেষ শস্যচাষের জন্য 'সবুজ বিপ্লব' প্রধানত পরিচিত ?

(A) ধান ও গম
(B) চা ও কফি
(C) তৈলবীজ
(D) তুলা

36. 'Land Mortgage Bank'-এর আগের নাম ছিল

(A) ARDC
(B) NABARD
(C) LDB
(D) SFDA

37. নীচের কোন্‌টি কৃষি বিপণনের সঙ্গে সম্পর্কিত নয় ?

(A) মজুতকরণ
(B) সংরক্ষণ
(C) প্রক্রিয়াকরণ
(D) রাসায়নিক সারের ব্যবহার

38. সমবায় ঋণদান সমিতিগুলি যা নিশ্চিত করতে চায় তা হলো

(A) গ্রামীণ অর্থনীতিতে মুনাফা বৃদ্ধি

(B) দেশের সমস্ত অঞ্চলে ঋণের সুযোগ সুবিধা বিস্তার

(C) কৃষি যন্ত্রপাতি ক্রয়

(D) বাড়তি জমি ক্রয়

39. নীচের কর্মসূচীগুলির মধ্যে কোন্‌টি ভারতের ভূমিসংস্কার কর্মসূচীর মূল নীতি নয় ?

(A) প্রজাস্বত্ব সংস্কার

(B) মধ্যস্বত্বভোগীর বিলোপ

(C) শিল্প সংস্কার

(D) জোতের মালিকানার সর্বোচ্চ সীমা নির্ধারণ

40. ভারতের কৃষিক্ষেত্রে কোন্ ধরনের বেকারি সাধারণতঃ বেশি দেখা যায় ?

(A) প্রচ্ছন্ন বেকারি

(B) কাঠামোগত বেকারি

(C) মরশুমি বেকারি

(D) অনিচ্ছাকৃত বেকারি



HAZARNOTES.COM